# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৪১৮

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৯) বিশেষ করে এশা ও ফজর নামায জামাআতের সাথে পড়ার প্রতি উদ্বুদ্ধকরণ এবং এ দু'নামাযের জামাআতে অনুপস্থিত থাকার প্রতি ভীতি প্রদর্শন

الترغيب في صلاة العشاء والصبح خاصة في جماعة والترهيب من التأخر عنهما

আরবী

(حسن لغيره) وَ عَنْ رَجُلٍ، مِنَ النَّخَعِ قال سمعت أبا الدرداء رَضِيَ اللَّهُ عَنْهُ حِينَ حَضَرَتْهُ الْوَفَاةُ قَالَ: أُحَدِّثُكُمْ حَدِيثًا سَمِعَتْهُ مِنْ رَسُولِ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ، سَمِعْتُ رَسُولَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: " اعْبُدِ اللهَ كَأَنَّكَ تَرَاهُ، فَإِنْ كُنْتَ لَا تَرَاهُ فَإِنَّهُ يَرَاكَ، وَاعْدُدْ نَفْسَكَ فِي الْمَوْتَى، وَإِيَّاكَ وَدَعْوَةَ الْمَظْلُومِ فَإِنَّهَا تُسْتَجَابُ، وَمَن اسْتَطَاعَ مِنْكُمْ أَنْ يَشْهَدَ الصَّلَاتَيْنِ الْعِشَاءَ وَالصُّبْحَ وَلَوْ حَبْوًا فَلْيَفْعَلْ (رواه الطبراني في الكبير)

বাংলা

৪১৮. (হাসান লি গাইরিহী) নাখাআ' গোত্রের জনৈক ব্যক্তি হতে বর্ণিত। তিনি বলেন, আমি আবু দারদা (রাঃ)এর মুমূর্ষু অবস্থায় তাঁকে একথা বলতে শুনেছিঃ আমি তোমাদের নিকট একটি হাদীছ বর্ণনা করব যা রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) হতে শুনেছি। আমি তাঁকে একথা বলতে শুনেছিঃ

''তুমি এমনভাবে আল্লাহর ইবাদত কর যেন তুমি তাঁকে দেখছ, যদি তা সম্ভব না হয় তাহলে মনে করবে তিনি তোমাকে দেখছেন। তুমি নিজেকে মৃত ব্যক্তিদের অন্তর্ভুক্ত মনে করবে। মাযলুমের (উৎপীড়িতের) বদদু'আ হতে সাবধান থাকবে, কেননা তার দু'আ কবূল করা হয়। আর যদি ফজর ও এশার সালাত জামাআতের সাথে পড়া সম্ভব হয় তাহলে হামাগুড়ি দিয়ে হলেও তাতে উপস্থিত হওয়ার চেষ্টা করবে।''

(ত্বাবরানী [কাবীর গ্রন্থে] হাদীছটি বর্ণনা করেছেন। তিনি নাখাআ' গোত্রের লোকটির নাম 'জাবের' বলে উল্লেখ করেছেন।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবুদ দারদা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88189

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন